PG Odd Semester (CBCS) Exam., December—2016

BENGALI

(3rd Semester)

Course No. : B–305 (C)

(সামাজিক ইতিহাসের পটে বিশ শতকের বাংলা সাহিত্য)

পূর্ণমান : ৭৫

উত্তীর্ণমান : ৩০

সময় : ৩ ঘণ্টা

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক

প্রতিটি গুচ্ছ থেকে **একটি** করে নিয়ে মোট **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও

ক—গুচ্ছ

১। আধুনিকতার সঙ্গে ঔপনিবেশিকতার সম্পর্ক কী? ''বাংলা সাহিত্যে সাধারণভাবে উনিশ শতকীয় আধুনিকতার ঔপনিবেশিক চরিত্রই বিম্বিত হয়েছে।'' মন্তব্যটি পর্যালোচনা করো। ৫+১০=১৫

২। দুজন আধুনিকত্তোরবাদী তাত্ত্বিকের নাম লেখো। ''বাঙালি চেতনায় উত্তর-আধুনিকতা ও প্রতীচ্যের আধুনিকোত্তরবাদ দুটি স্বতন্ত্র চিন্তাপ্রস্থান।'' যুক্তি ও উদাহরণ সহযোগে মন্তব্যটি বিশদ করো। ২+১৩=১৫

খ—গুচ্ছ

৩। বঙ্গভঙ্গ প্রস্তাব সরকারিভাবে কবে রদ হয়েছিল? বঙ্গভঙ্গ আন্দোলনের প্রেক্ষিতে ওই সময়কার সাম্প্রদায়িক রাজনীতির স্বরূপ বিশ্লেষণ করো। ১+১৪=১৫

৪। 'নিখিল ভারত মুসলিম লিগ' নামক সংগঠনটির কথা কে, কবে, কোথায় প্রথম ঘোষণা করেছিলেন? বঙ্গভঙ্গ প্রস্তাব বিরোধী আন্দোলনে রবীন্দ্রনাথের ভূমিকা বিষয়ে একটি প্রতিবেদন প্রস্তুত করো। ৩+১২=১৫

গ—গুচ্ছ

৫। 'কল্লোলের কাল' এবং 'কল্লোল যুগ' গ্রন্থ দুটির লেখকের নাম লেখো। কল্লোল যুগের কথাসাহিত্যে কোন্ কোন্ দিক থেকে নতুনত্ব এসেছিল, এ বিষয়ে সতথ্য আলোচনা করো। ২+১৩=১৫

৬। রবীন্দ্র-পরবর্তীকালের তিনজন প্রধান বাঙালি কবির নাম লেখো। রবীন্দ্র-পরবর্তী আধুনিক বাংলা কবিতার সাধারণ বৈশিষ্ট্যগুলি সম্পর্কে আলোকপাত করো। ৩+১২=১৫

ঘ—গুচ্ছ

৭। রবীন্দ্রনাথের সাহিত্যজিজ্ঞাসা বিষয়ক দুটি গ্রন্থের নাম লেখো। ''মানুষের রসবোধে যে আবরু আছে সেইটেই নিত্য, যে আভিজাত্য আছে রসের ক্ষেত্রে সেইটেই নিত্য।'' এই মন্তব্যের আলোকে, সাহিত্যে বাস্তবতার প্রশ্নে রবীন্দ্রনাথের সঙ্গে উত্তর প্রজন্মের লেখকদের মতপার্থক্যের পরিচয় দাও। ২+১৩=১৫

৮। রমাঁ রলাঁর ‘পিপলস্ থিয়েটার’ বিষয়ক ভাবনাটি সংক্ষেপে আলোচনা করো। গণনাট্য আন্দোলন বাংলা নাটকের বিষয়বোধ এবং প্রযোজনা-রীতির ক্ষেত্রে যে পর্বান্তর নিয়ে এসেছিল সে বিষয়ে একটি নিবন্ধ লেখো। ৩+১২=১৫

ঙ—গুচ্ছ

৯। ‘ভাঙা বাংলা ও বাংলা সাহিত্য’ গ্রন্থটি কার লেখা? ‘‘বাংলা ভাষায় দেশভাগের মহাআখ্যান এখনও অলিখিত।’’ এই মত কতখানি গ্রহণযোগ্য, যুক্তিসহ বিচার করো। ১+১৪=১৫

১০। ১৯৪৭-এর দেশভাগের রাজনৈতিক পরিপ্রেক্ষিত সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। বাংলা কথাসাহিত্যে দেশভাগ কীভাবে ছায়া ফেলেছে, আলোচনা করো। ৪+১১=১৫

★★★